



**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**  
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**  
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**



তারিখঃ ১৬ আষাঢ় ১৪২৮  
 ৩০ জুন ২০২১

**প্রশাসনিক পরিপত্র নং- ২৫/২০২১**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নথি উপস্থাপনের ক্ষেত্রে অপ্রয়োজনে কালক্ষেপণ করছেন। ফলশ্রুতিতে কর্পোরেশনের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। নথিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সরকারি নির্দেশনা মোতাবেক সময় নির্ধারিত রয়েছে। বর্ণিত অবস্থায়, কোন নথি বিশ্লেষণ ও নিষ্পত্তির লক্ষ্যে উর্ধ্বতন কর্মকর্তা সমীপে উপস্থাপনের জন্য নিম্নোক্ত সময়সীমা অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলোঃ

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	সর্বোচ্চ ৭২ ঘন্টা
ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/সেল/শাখা প্রধান	সর্বোচ্চ ৪৮ ঘন্টা
অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তা	সর্বোচ্চ ২৪ ঘন্টা

০২। কোন জটিল বিষয় নিষ্পত্তির জন্য অধিক সময়ের প্রয়োজন হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রয়োজনবোধে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তার সাথে অনানুষ্ঠানিক আলোচনার মাধ্যমে তা নিষ্পত্তি করবেন। কোন বিষয় ফলপ্রসূভাবে নিষ্পত্তির জন্য তথ্য সংগ্রহ বা অন্যান্য কর্তৃপক্ষের সাথে পরামর্শের প্রয়োজন হলে বা কোন নিয়ম/বিধি ইত্যাদির আওতায় নিষ্পত্তিকরণের সময় সীমাবদ্ধ থাকলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত সময়সীমার অতিরিক্ত কতদিনের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করবেন সে বিষয়ে উর্ধ্বতন কর্মকর্তার নিকট হতে সুস্পষ্ট লিখিত অনুমতি গ্রহণ করবেন।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

  
 (তানজিনা চৌধুরী)  
 মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।